ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স-১৬১৪
উদয়পুর, ৮ জুলাই, ২০২৫

**৯ ই জুলাই উদয়পুর মহকুমার ছয়টি স্থানে বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া**

আগামী ৯ জুলাই সকাল ৭.৩০ মিনিট থেকে ১১.১৫ মিনিট পর্যন্ত উদয়পুর মহকুমার ৬টি স্থানে প্রাকৃতিক বিপর্যয় অর্থাৎ ভূমিধ্বস ও বন্যা মোকাবিলার বিষয়ে মেগা মহড়া অনুষ্ঠিত হবে। উদয়পুর মহকুমার মহারানী ব্যারাজ, জগন্নাথদীঘি, অমর সাগর, কাকড়াবন সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে বন্যা মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। এছাড়া কিল্লা ব্লকের কিল্লা রাইয়াবাড়ি রোড এবং টেপানিয়া ব্লকের গোমতি জেলা হাসপাতাল সংলগ্ন এলাকায় ভূমিধ্বস বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। এই মহড়া পরিচালনায় বিভিন্ন দপ্তর, ভলান্টিয়ার টিম, আপদামিত্র এবং স্থানীয় জনগণ অংশ নেবেন। এ বিষয়ে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে সকলের সহযোগিতা কামনা করা হয়েছে।

*****